

মাদ্রাসা বোর্ডে পাসের হার বেড়েছে

শীর্ষে দারুননাজাত সিদ্দিকিয়া মাদ্রাসা

■ ইত্তেফাক রিপোর্ট

এ বছর এসএসসি ও সমমানের পরীক্ষায় সার্বিক পাসের হার কমাতে মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে দাখিল পরীক্ষায় পাসের হার বেড়েছে। এ বোর্ডে পাসের হার ৯০ দশমিক ২০ শতাংশ। বোর্ডে দুই লাখ ৫৪ হাজার ৬২২ পরীক্ষার্থী অংশ নিয়ে জিপিএ-৫ পেয়েছে ১১ হাজার ৩৩৮ জন। পরীক্ষায় পাস করেছে ২ লাখ ২৯ হাজার ৬৬৬ জন। গত বছর দাখিলে দুই লাখ ৩৬ হাজার ৬৩০ জন অংশ নিয়ে পাস করে ২ লাখ ১১ হাজার ২০৩ জন। পাসের হার ৮৯ দশমিক ২৫।

এ বছর দাখিল পরীক্ষায় শীর্ষ অবস্থানে রয়েছে ঢাকার ডেমরার দারুননাজাত সিদ্দিকিয়া কামিল মাদ্রাসা। গত বছরও মাদ্রাসা বোর্ডে এটি প্রথম স্থানে ছিল। দারুননাজাত থেকে এবার ৩৬০ জন দাখিল পরীক্ষায় অংশ নিয়ে শতভাগ উত্তীর্ণসহ এখান থেকে ৩০৬ জন জিপিএ ৫ পেয়েছে।

দ্বিতীয় অবস্থানে থাকা খালকাঠি এনএস কামিল মাদ্রাসা থেকে ২৬৬ জন পরীক্ষায় অংশ নিয়ে জিপিএ-৫ পেয়েছে ২২৭ জন। তৃতীয় ঢাকার যাত্রাবাড়ির তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা থেকে ৩৩৩ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ২৫৭ জন। চতুর্থ অবস্থানে রয়েছে নরসিংদীর জামিয়া-ই-কাসমিয়া কামিল মাদ্রাসা। পঞ্চম রংপুর সদরের সাতগরা বাইতুল মুকাররাম কামিল মাদ্রাসা। ষষ্ঠ নরসিংদীর জামিয়া-ই-কাসমিয়া কামিল মাদ্রাসার মহিলা শাখা। সপ্তম রাজশাহীর আল আরকানজুল ইসলামি আস-সালাফি দাখিল মাদ্রাসা। অষ্টম টঙ্গীর তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা। নবম ডেমরার তামিরুল মিল্লাত কামিল মহিলা মাদ্রাসা ও দশম উত্তরার তানজিমুল উম্মাহ ক্যাডেট মাদ্রাসা।

মাদ্রাসা বোর্ডে পাসের হার গত বছরের চেয়ে কিছুটা বাড়লেও জিপিএ ৫ প্রাপ্তির হার কমেছে। এবার দাখিলে মোট জিপিএ-৫ পেয়েছে ১১ হাজার ৩৩৮ জন। গত বছর এ সংখ্যা ছিল ১৪ হাজার ১৩।